

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান উপদেষ্টার কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।



গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাৰি
কোণে হাতে

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০০০.০৩৯.১৬.০০০৩.২৫-১৭৮

তারিখ ১২ মাঘ ১৪৩২
২৬ জানুয়ারি ২০২৬

বিষয়: গণভোট ২০২৬ বিষয়ে নারী ভোটারদের মধ্যে জনসচেতনতা তৈরির লক্ষ্যে সমন্বিত উদ্যোগ গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে অনুষ্ঠিতব্য ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সাথে জুলাই জাতীয় সনদ ২০২৫ এ লিপিবদ্ধ সংবিধান সংস্কার সম্পর্কিত প্রস্তাবসমূহের উপর গণভোট অনুষ্ঠিত হবে। বাংলাদেশ নির্বাচন কমিশনের তথ্য অনুসারে এই নির্বাচনে মোট ভোটারের প্রায় ৪৯.২৪% নারী ভোটার তাদের মূল্যবান ভোট দিবেন। গুরুত্বপূর্ণ এই গণভোটের বিষয়ে নারী ভোটারদের মধ্যে ব্যাপক জনসচেতনতা তৈরি করা অত্যন্ত জরুরি। তাই মন্ত্রণালয়গুলোর গণভোটের প্রচারণায় নিজস্ব কর্মপরিকল্পনার পাশাপাশি নারী ভোটারদের জন্য সমন্বিত উদ্যোগ গ্রহণ করলে নারী ভোটারদের কাছে কার্যকরভাবে পৌঁছানো সম্ভব হবে। এ বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় মাঠ পর্যায়ে সমন্বিতভাবে একত্রে প্রচার কার্যক্রম (যেমনঃ উঠান বৈঠক, সভা, সমাবেশ প্রভৃতি) পরিচালনা করতে পারে। এক্ষেত্রে প্রয়োজনসাপেক্ষে মাঠ পর্যায়ের অন্যান্য দপ্তরকে তাদের সমন্বিত উদ্যোগে অন্তর্ভুক্ত করতে পারেন।

২। এমতাবস্থায়, গণভোট ২০২৬ সম্পর্কে নারী ভোটারদের সচেতনতায় মাঠ পর্যায়ের দপ্তরগুলোকে সমন্বিতভাবে একত্রে প্রচার কার্যক্রম পরিচালনায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদানে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়কে নির্দেশক্রমে অনুরোধ জানানো হল।



মোহাম্মদ রাশেদ ওয়াসিক

যুগ্মসচিব

প্রধান উপদেষ্টার কার্যালয়ে সংযুক্ত

ফোন- ০২-৫৫০২৯৪৫২

ইমেইল: gonovote.coord@cao.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৩। সিনিয়র সচিব/সচিব (সকল)
- ৪। বিভাগীয় কমিশনার (সকল)
- ৫। জেলা প্রশাসক (সকল)
- ৬। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা
- ৭। প্রধান উপদেষ্টার বিশেষ সহকারীর (ঐকমত্য) একান্ত সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা